



জামায়াতকে লংমার্চ হুগিতের অনুরোধ পাকিস্তানের প্রধানমন্ত্রীর



পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ। ছবি: সংগৃহীত

পেট্রোলিয়াম লেভি প্রত্যাহারের দাবিতে জামায়াতে ইসলামীর ‘সুপার ট্রেন’ লংমার্চ মূলতানে পৌঁছানোর সময় দলটির আমির হাফেজ নাসিম উর রেহমানের সঙ্গে ফোনে কথা বলেছেন পাকিস্তানের প্রধানমন্ত্রী শেহবাজ শরিফ।

মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) জামায়াতের এক মুখপাত্র জানান, শেহবাজ শরিফ পাকিস্তানে ফিরে না আসা পর্যন্ত ইসলামাবাদমুখী লংমার্চ হুগিত রাখার অনুরোধ করেছেন। করাচিভিত্তিক সংবাদমাধ্যম জিও নিউজ এ তথ্য জানিয়েছে।

মূলতানে জামায়াতের আমিরের পৌঁছানোর পরই দলটির ট্রেন মার্চ ফেডারেল রাজধানী ইসলামাবাদের দিকে এগিয়ে যাওয়ার প্রেক্ষাপটে প্রধানমন্ত্রী এই অনুরোধ জানান। একই সঙ্গে দেশে ফিরে পেট্রোলিয়াম লেভি নিয়ে জামায়াতের সঙ্গে অর্থবহ আলোচনায় বসার আগ্রহের কথাও জানান তিনি।

ফোনালাপে হাফেজ নাসিম উর রেহমান বলেন, সরকার বা আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটানোর কোনো উদ্দেশ্য জামায়াতের নেই। তবে সাধারণ মানুষের সমস্যার কথা তুলে ধরতেই তারা রাস্তায় নেমেছেন। এ কারণে শান্তিপূর্ণ প্রতিবাদের অধিকার সরকারকে সম্মান করতে হবে বলেও জানান তিনি।

প্রধানমন্ত্রীর অনুরোধের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার আগে দলের কেন্দ্রীয় সিদ্ধান্ত গ্রহণকারী পরিষদ ‘শূরা’র সঙ্গে আলোচনা করার কথা জানান জামায়াত আমির। তিনি বলেন, সরকারের অনুরোধে লংমার্চ সাময়িকভাবে হুগিত করা হলেও প্রতিবাদের অধিকার থেকে সরে আসবে না জামায়াতে ইসলামী।